# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২১১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৪. দু’ ওয়াক্তের সালাত একত্র করা প্রসঙ্গে

باب الْجَمْعِ بَيْنَ الصَّلاَتَيْنِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ : جَمَعَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بَيْنَ الظُّهْرِ وَالْعَصْرِ وَالْمَغْرِبِ وَالْعِشَاءِ بِالْمَدِينَةِ مِنْ غَيْرِ خَوْفٍ وَلاَ مَطَرٍ . فَقِيلَ لاِبْنِ عَبَّاسٍ : مَا أَرَادَ إِلَى ذَلِكَ؟ قَالَ : أَرَادَ أَنْ لاَ يُحْرِجَ أُمَّتَهُ .

ـ صحيح : م

বাংলা

১২১১। ইবনু ’আব্বাস রাযিয়াল্লাহু ’আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শত্রুর ভয় ও বৃষ্টির কারণ ছাড়াই মদীনাতে যুহর ও ’আসর এবং মাগরিব ও ’ইশার সালাত একত্রে আদায় করেছেন। ইবনু ’আব্বাস রাযিয়াল্লাহু ’আনহুমা কে এর কারণ জিজ্ঞেস করা হলে তিনি বলেন, তাঁর উম্মাত যেন কোন অসুবিধায় না পড়ে সেজন্যই তিনি এরূপ করেন।[1]

সহীহ : মুসলিম।

## English

Narrated Ibn 'Abbas:
The Messenger of Allah (ﷺ) combined the noon and afternoon prayers, and the sunset and night prayers at Medina without any danger and rain. He was asked: What did he intend by it ? He replied: He intended that his community might not fall into hardship.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্বাসর, অনুঃ মুক্বীম অবস্থায় দুই সালাতকে একত্রিত করা), মালিক (অধ্যায় : সফরে সালাত ক্বাসর করা, অনুঃ সফর ও মুক্বীম অবস্থায় সালাত ক্বাসর করা, হাঃ ৪), আহমাদ (১/২৮৩), ইবনু খুযাইমাহ (হাঃ ৯৭২) সকলে সাঈদ ইবনু যুবাইর হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58529

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন